

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাদের বাড়ি জ্বালিয়ে দিতে চেয়েছিলেন, সেটা ইশার সালাতে না কারণে নয়-তাদের কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الْعِلَّةَ فِي هَوُّلَاءِ الَّذِينَ أَرَادَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَفْعَلَ بِهِمْ مَا وَصَفْنَا لَمْ يَكُنْ لِلتَّخَلُّفِ عَنْ حُضُورِ الْعِشَاءِ

আরবী

2094 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ بِحَرَّانَ حَدَّثَنَا بِشْرُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ عَنْ سُلَيْمَانَ عَنْ ذَكْوَانَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَقَدْ هُممتُ أَنْ آمُرَ رَجُلًا يُصلِّي بِالنَّاسِ ثُمَّ آتِيَ أَقْوَامًا يُخَلَّفُون عَنْهَا فَأُحَرِّقَ عَلَيْهِمْ) يعني الصلاتين: العشاء والغداة

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2094 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (557)

বাংলা

২০৯৪. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "আমার ইচ্ছা হয় যে, আমি একজনকে আদেশ করি লোকদের নিয়ে সালাত আদায় করার জন্য আর আমি জামা'আতে অনুপস্থিত ব্যক্তিদের কাছে আসি অতঃপর তাদের জ্বালিয়ে দেই!" অর্থাৎ ইশা ও ফজরের সালাতে।[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৯১; মুয়াত্তা ইমাম মালিক: ১/১২৯-১৩০; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২৩-১২৪; সহীহ আল বুখারী: ৬৪৪; নাসাঈ: ২/১০৭; আবূ আওয়ানা: ২/৬; সুনান বাইহাকী: ৩/৫৫; হুমাইদী: ৯৫৬; মুসনাদ



আহমাদ: ২/২৪৪; ইবনুল জারূদ: ৩০৪; সহীহ মুসলিম: ৬৫১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৮১; দারেমী: ১/২৯২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১৯৮৫; তিরমিযী: ২১৭; আবু দাউদ: ৫৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৫৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন